গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডুমুরিয়া, খুলনা
www.dumuria.khulna.gov.bd

নম্বর: ০৫.৪৪.৪৭৩০.০০০.০২৩.৯৯.০০২২.২৬.১১৪৮

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**ফ্যামিলি কার্ড শুমারি, ২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" অনুসারে দেশব্যাপী আগামী **০১ আগস্ট ২০২৬ খ্রি. হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.** পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম পরিচালিত হতে যাচ্ছে। এ লক্ষ্যে উল্লিখিত ৪৫ দিনের জরিপ কার্যক্রমের জন্য ডুমুরিয়া উপজেলায় প্রয়োজনীয় সংখ্যক **Enumerator বা জরিপকারী** নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে **অস্থায়ীভাবে** তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে **যোগ্য ও আগ্রহী** ব্যক্তিদের নিকট থেকে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্রম | পদের ধরন | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮ থেকে ৪০ বছর (শুমারি তারিখে)<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+ নম্বর প্রাপ্তি<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ওই এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী - প্রতি উপজেলায় কমপক্ষে ৫০% নারী গণনাকারীর লক্ষ্যমাত্রা<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রিধারী<br>গ) পূর্বে BBS জরিপে কাজের অভিজ্ঞতা<br>ঘ) শুমারি এলাকার স্থানীয় ভাষায় দক্ষ। | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক) পাসপোর্ট সাইজ ছবি- ০১ কপি, ফরমের সাথে গেঁথে দিতে হবে<br>খ) এনআইডি কার্ডের সত্যায়িত অনুলিপি<br>গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি<br>ঘ) BBS জরিপে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানের জরিপ কাজের অভিজ্ঞতা সনদ (যদি থাকে) |
| ২ | সুপারভাইজার | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস; বয়স ২৫-৪৫<br>খ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা- পরীক্ষায় ৮০% + নম্বর প্রাপ্তি<br>গ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঘ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব:**<br>ক) প্রতিটি EA শারীরিকভাবে প্রতিদিন পরিদর্শন<br>খ) প্রতি EA-এর ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার মধ্যে ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট নিশ্চিত<br>ঙ) সমস্যা ও অভিযোগ উপজেলা কমিটিকে তাৎক্ষণিক জানানো | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি বা আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৮০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক) পাসপোর্ট সাইজ ছবি- ০১ কপি, ফরমের সাথে গেঁথে দিতে হবে<br>খ) এনআইডি কার্ডের সত্যায়িত অনুলিপি<br>গ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি<br>ঘ) BBS জরিপে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানের জরিপ কাজের অভিজ্ঞতা সনদ (যদি থাকে) |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:**
১। উপজেলা সমাজসেবা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা
২। উপজেলা সমাজসেবা কার্যালয়, ডুমুরিয়া, খুলনার ওয়েবসাইট- **www.dss.dumuria.khulna.gov.bd**

**আবেদন ফরম দাখিলের স্থান:**
১। উপজেলা সমাজসেবা কার্যালয়, ডুমুরিয়া, খুলনা

**আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি:**

| ক্রম | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ৯:০০ টা হতে বেলা ৩:০০ টা | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ৯:০০ টা হতে বেলা ৩:০০ টা | ২৫/০৭/২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা |

CamScanner

**শর্তাবলী:**

১। তথ্য সংগ্রহকারীদের জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
৩। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
৫। কোনো অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।
৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।
৮। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।
৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

২১/০৭/২৬

সবিতা সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড জরিপের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
ডুমুরিয়া, খুলনা
মোবাইল: ০১৩২২৮৭৫৫৩৪
ইমেইল: unodumuria@gmail.com

নম্বর: ০৫.৪৪.৪৭৩০.০০০.০২৩.৯৯.০০২২.২৬.১১৪৮

তারিখ: ০৬ শ্রাবণ ১৪৩৩ / ২১ জুলাই ২০২৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় সংসদ সদস্য, ১০৩ খুলনা-৫, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।
৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
৫। জেলা প্রশাসক, খুলনা।
৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা।
৭। উপজেলা ........................... অফিসার, ডুমুরিয়া, খুলনা।
৮। চেয়ারম্যান, ...................... ইউনিয়ন, ডুমুরিয়া, খুলনা।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, ....................... (প্রেসক্লাব) ডুমুরিয়া, খুলনা। [প্রচারের অনুরোধসহ]
১০। অফিস কপি।

২১/০৭/২৬

মনোজ কান্তি রায়
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড জরিপের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
ডুমুরিয়া, খুলনা
মোবাইল: ০১৭১১০৬৬০৪১
ইমেইল: dss.dumuria.khulna.gov.bd

CS CamScanner